

বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
অডিট ভবন
৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।
www.cag.ord.bd

পরিপত্র

নং-সিএজি/জিবি-১/বিবিধ/১৩২৮/১৭৮

তারিখ : ০১-০৮-২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার প্রসঙ্গে।

অডিট বিভাগের কর্মচারীদের মধ্যে সামাজিক যোগাযোগ মাধ্যম (Facebook, Twitter, YouTube, Google+, Viber, Instagram, WhatsApp ইত্যাদি) ব্যবহারের প্রবণতা প্রতিনিয়ত বাড়ছে।

সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৬ প্রকাশিত হয়েছে। এতে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সরকারি কর্মচারীদের করণীয় ও বর্জনীয় নির্ধারণ করা হয়েছে। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, এই বিভাগের কোন কোন কর্মকর্তা/কর্মচারি উক্ত নির্দেশিকা অনুসরণ না করে সামাজিক যোগাযোগ মাধ্যমে বিভিন্ন রকমের পোস্ট ও মন্তব্য প্রদান করছেন, যা অনেক ক্ষেত্রে শোভন বা সমীচীন নয়। এমনকি রাষ্ট্রীয় গোপন তথ্য বা কোন কোন ক্ষেত্রে অনুমান নির্ভর সংবাদ প্রচার করা হয়, যা কাল্পনিক নয়। ব্যবহার নির্দেশিকায় সরকারি কর্মচারীগণের ব্যক্তিগত একাউন্ট পরিচালনার ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা রয়েছেঃ

- (১) ব্যক্তিগত একাউন্ট পরিচালনার ক্ষেত্রে সরকারি কর্মচারিকেও দায়িত্বশীল নাগরিকসুলভ আচরণ ও অনুশাসন অবশ্যই মেনে চলা নিশ্চিত করতে হবে;
- (২) বাস্তব বা স্বাভাবিক অবস্থায় একজন সরকারি কর্মচারির আচরণ, প্রকাশ, মিথস্ক্রিয়া সংক্রান্ত নিয়ম-নীতি, করণীয় ও বর্জনীয় দিকসমূহের প্রতিফলন সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে নিশ্চিত করতে হবে;
- (৩) কন্টেন্ট এবং 'ফ্রেন্ড' সিলেকশনে সতর্কতা অবলম্বন এবং অন্যদিকে অপ্রয়োজনীয় ট্যাগিং বা রেফারেন্সিং পরিহার করতে হবে;
- (৪) সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার বা নিজ একাউন্টের ক্ষতিকারক বিষয়বস্তুর (Contents) জন্য সংশ্লিষ্ট কর্মচারি ব্যক্তিগতভাবে দায়ি হবেন এবং প্রয়োজ্য ক্ষেত্রে প্রচলিত আইন বা বিধি-বিধানের সম্মুখীন হবেন।

এ বিভাগের কর্মচারীগণকে সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৬ অনুসরণ করে বিভিন্ন টেক্সট, ছবি, অডিও, ভিডিও ইত্যাদি সতর্কতার সাথে নির্বাচন করে এবং তথ্যের নির্ভরযোগ্যতা সম্পর্কে নিশ্চিত হয়েই কেবলমাত্র রুচিশীলভাবে তা উপস্থাপন ও প্রকাশ করতে হবে।

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয় এর অনুমোদনক্রমে এই পরিপত্রটি জারি করা হলো।




(মোঃ নওসাদ হোসেন)

অতিঃ উপ-মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন)

ফোনঃ ৯৩৩১১৭১

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ
[সংযুক্ত পরিপত্রটি অধীনস্থ সকল কর্মকর্তা/কর্মচারীর নিকট প্রচারের অনুরোধসহ]

- ১। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট একাডেমী (ফিমা), ঢাকা।
- ৪। উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক(সিনিয়র), সিএন্ডএজি এর কার্যালয়, ঢাকা।
- ৫। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ৬। উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (পদ্ধতি/এএন্ডআর), সিএন্ডএজি এর কার্যালয়, ঢাকা।
- ৭। মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট/প্রতিরক্ষা অডিট/বাণিজ্যিক অডিট/রেলওয়ে অডিট/পূর্ত অডিট/ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান প্রযুক্তি বিষয়ক অডিট/সিভিল অডিট/বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অডিট/দূতাবাস অডিট/পারফরমেন্স অডিট অধিদপ্তর, ঢাকা।
- ৮। সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি/নৌ বাহিনী/বিমান বাহিনী/পূর্ত/প্রতিরক্ষা ক্রয়), ঢাকা।
- ৯। এফএএন্ডসিএও(পূর্ব/পশ্চিম/প্রকল্প), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী/ঢাকা।
- ১০। ফাইন্যান্স কন্ট্রোলার, বিওএফ, গাজীপুর সেনানিবাস।
- ১১। অতিঃ উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন/পার্সোনাল/পদ্ধতি/সংসদ), সিএন্ডএজি এর কার্যালয়, ঢাকা।
- ১২। পরিচালক-এমআইএস, সিএন্ডএজি এর কার্যালয়, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৩। কম্পন্ট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয়ের একান্ত সচিব, সিএন্ডএজি এর কার্যালয়, ঢাকা।
- ১৪। অফিস কপি/গার্ড ফাইল।


(মোঃ মনির হোসেন মোল্লা)
নিরীক্ষা ও হিসাব রক্ষণ অফিসার
জিবি-১ শাখা।